মেহেরপুরে কর্মীসমর্থক নিয়ে মুজিব সিনেমা দেখলেন অ্যাড. আব্দুস সালাম

মুজিব সিনেমা দেখার পর মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম আবেগ জড়িত কন্ঠে ও অশ্রুসিক্ত নয়নে বলেন,’ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার মধ্য দিয়ে যারা পৃথিবীর কলঙ্কিত ইতিহাস তৈরি করেছে সমগ্র জাতি তাদের ঘৃণাভরে প্রত্যাখ্যান করবে।’ প্রায় শতাধিক দলীয় ও ব্যক্তিগত কর্মী সমর্থকদের নিয়ে মুজিব সিনেমা দেখার পর মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুস সালাম এ কথা বলেন।

বুধবার ২৫ অক্টোবর সন্ধ্যায় মেহেরপুর জেলা পরিষদ চেয়ারম্যান শতাধিক নেতাকর্মীর বহর নিয়ে মেহেরপুর সিনেমা হলে “মুজিব—একটি জাতির রুপকার” বায়োপিকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাস্তব জীবনের ঘটনা সম্বলিত সিনেমা দেখতে উপস্থিত হন।

এ সময় তার সাথে আওয়ামী লীগ ও তাতী লীগের নেতাকর্মীসহ নিজস্ব প্রায় শতাধিক কর্মী সমর্থক উপস্থিত ছিলেন।

ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ব্যক্তিগত ও জেলা পরিষদের দরজা খোলা – অ্যাড. আব্দুস সালাম

আমি আপনাদের ভাই, সন্তান। আমি সব সময় আপনাদের পাশে থাকতে চাই। জেলা পরিষদের দরজা সব সময় ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য খোলা।

শক্রবার মেহেরপুর শহরের থানাপাড়া বাইতুল ফাতাহ জামে মসজিদে জুম্মার নামাজ আদায় পূর্বে নব নির্বাচিত মেহেরপুর জেলা পরিষদ

চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম এসব কথা বলেন।

এসময় থানাপাড়া বাইতুল ফাতাহ জামে মসজিদ কমিটির সাধারণ সম্পাদক মো: মোস্তাকিম, শহর আওয়ামীলীগের সাবেক সহসভাপতি ইমদাদুল হক ডাবু মাষ্টার, মসজিদের পেশ ইমাম মাওলানা হাসানুজজামানসহ মুসল্লিরা উপস্থিত ছিলেন।

জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম আরো বলেন, মসজিদের সার্বিক উন্নয়নে আমার ব্যক্তিগত এবং জেলা পরিষদের পক্ষ থেকে সব ধরণের সহযোগীতার আশ্বাস দেন। তিনি বলেন, আমি আপনাদের পাশে থেকে সব সময় সেবা করতে চাই। তিনি সকলের কাছে তার জন্য দোওয়া র্প্রার্থনা করেন।